দৈনিক সংবাদ

তারিখ ... 19 NOV 1998 ...
পৃষ্ঠা ৪ কলাম ৭ ......

## শিক্ষা সচিবের দৃষ্টি আকর্ষণ

ঢাকা সরকারি শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয়ের নিয়ন্ত্রিত জাতীয় বিজ্ঞান উন্নয়ন কেন্দ্রে স্বল্পকালীন প্রশিক্ষণে অংশগ্রহণ করেছিলাম। প্রশিক্ষণের সুবাদে আমাদেরকে বিজ্ঞান কেন্দ্রের হোস্টেল ভবনে থাকতে হয়েছিল। কিন্তু দুঃখ ও পরিতাপের বিষয় এই যে, হোস্টেল ভবনে চরম বিশৃংখলা ও অরাজকতা চলছে। চারতলা হোস্টেল ভবনের তৃতীয় তলা পর্যন্ত কতিপয় কর্মকর্তা, হিসাবরক্ষক এবং কর্মচারীরা নিজেদের দখলে রেখেছেন। সেখানে তারা পরিবার–পরিজন নিয়ে দীর্ঘদিন যাবৎ বসবাস করছেন। অথচ শিক্ষা মন্ত্রণালয় হোস্টেল ভবনটি তৈরি করেছিল মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের প্রশিক্ষণকালীন সময়ে থাকার জন্য। সরকারি বাসভবন ব্যবহার না করে কর্মকর্তা, হিসাবরক্ষক ও কর্মচারীবৃন্দ প্রশিক্ষণার্থীদের হোস্টেল ভবন দখল করে রেখেছেন। স্থানীয় কর্তৃপক্ষ এই অরাজকতাকে কেন এড়িয়ে যাচ্ছেন তা বুঝা মুশকিল। তারা সরকারি বিদ্যুৎ, গ্যাস, খাট, পানি ও রুম ব্যবহার করছেন অথচ কোন প্রকার বিল ও ভাড়া ছাড়াই। আমরা প্রশিক্ষণার্থীরা তাদের কাছে অসহায় ছিলাম। চরম দুর্ব্যহার ও অরাজকতা সহ্য করেছি বাধ্য হয়ে। সরকারি হোস্টেল ভবনের এ অপব্যবহার দুঃখজনক। আর কোন প্রশিক্ষণার্থী যেন এই বিব্রতকর পরিস্থিতির শিকার না হন। মাননীয় শিক্ষা সচিব আপনি এ ব্যাপারে পদক্ষেপ নিন। এটাই আমার আকুল আবেদন।

কে এম আসাদ
সহঃ শিক্ষক
ভোলা হাই স্কুল, ভোলা।